দৈনিক
ইত্তেফাক

9 FEB 2017
পৃঃ ৬



# ঝুঁকিপূর্ণ ছাদের নিচে বিদ্যালয়ের কার্যক্রম চলছে

১৯৯৬ সালে মাগুরা জেলার শালিখা থানায় গঙ্গারামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভাঙাচোরা টিনের ঘর ভেঙে একটা একতলা ভবন নির্মিত হয়। এখানে চারটা কক্ষ। তিনটা কক্ষে ক্লাস নেওয়া হয়। আর একটা শিক্ষকদের লাইব্রেরি। মাত্র বিশ বছরে এই ভবনটির বেহাল দশা বর্ণনাতীত। ভবনটির সর্বস্থান ফেটে চৌচির। চোখ মেললেই চোখে পড়ে ফাটল আর ফাটল। প্রতিটি কক্ষের ছাদ থেকে রোজ সিমেন্ট বালি খসে পড়ে। বারান্দার প্রতিটি পিলার ভেঙে রড বের হয়ে গেছে। স্কুলের একটিমাত্র ভবনের এমন বেহাল দশায় এলাকাবাসী ও শিক্ষকদের দুশ্চিন্তার অন্ত নেই। এটা নিয়ে স্কুল কর্তৃপক্ষ ওপরে বার বার জানালেও কোনো পদক্ষেপ নেই। স্কুল ভবনটি সংস্কার না করলে যে কোনো সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটে যেতে পারে। স্কুলের এমন ঝুঁকিপূর্ণ অবস্থার জন্য এ বছর ছাত্রছাত্রী ভর্তির পরিমাণটাও অনেক কমেছে বলে জানিয়েছেন স্কুলের সহকারী শিক্ষিকা মোছা. হামিদা পারভীন। পরিশেষে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আকুল আবেদন এই যে, যত দ্রুত সম্ভব স্কুলটি সংস্কারের উদ্যোগ নিন।

**এস আর শানু খান**
মনোখালী, হরিতলা, শালিখা
মাগুরা